

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

**২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ৫ম সভার কার্যবিবরণী।**

সভার তারিখঃ	০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ।
সময়ঃ	সকাল- ১১.০০ ঘটিকা।
সভার স্থানঃ	সম্মেলন কক্ষ (কক্ষ নং ০৩, ভবন নং ১০), পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও (এপিএ) টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, পরিকল্পনা বিভাগ।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'**

১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, চলতি ২০২০-২১ অর্থবছরে পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর মোট ৩৭ টি সূচকের মধ্যে ২ টি পূর্ণ ও ১১ টি আংশিক বাস্তবায়ন হয়েছে। সময় ভিত্তিক নির্ধারিত অন্যান্য কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। তিনি অবহিত করেন যে, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণ এর বিষয়টি ৩১/১২/২০ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য পরিকল্পনা বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তাকে পত্রের মাধ্যমে অবহিত করা যেতে পারে।

২.০০ গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচক যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;	(ক) ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।
খ) সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে প্রদত্ত মতামত নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;	(খ) সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে প্রদত্ত মতামত নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
গ) অধীন দপ্তর/সংস্থা (এনএপিডি এবং বিআইডিএস)-কে এপিএ মাসিক সভায় এপিএ বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	(গ) এনএপিডি এবং বিআইডিএস এপিএ মাসিক সভায় এপিএ বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রদান করছে।

৩.০০ উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, কৌশলগত উদ্দেশ্যের 'পরিবীক্ষণকৃত উন্নয়ন প্রকল্প' কর্মসম্পাদন সূচকের অগ্রগতি এখন পর্যন্ত অর্জিত হয় নি। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে উন্নয়ন প্রকল্প পরিদর্শনের অনুরোধ জানান। সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) সভাকে জানান যে, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের 'একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত' কর্মসম্পাদন সূচকটি আগামী ১৫/০২/২১ এর মধ্যে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। সেবার নামসহ পত্রের মাধ্যমে কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখাকে অবহিত করার জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেলকে অনুরোধ জানানো হয়।

৪.০০ সভায় অধীন দপ্তর/সংস্থা এনএপিডি ও বিআইডিএস এর এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ পর্যন্ত এনএপিডি এপিএ টিমের ৫টি সভা করেছে, তাদের এপিএ সূচকের ৫টি সম্পূর্ণভাবে ও অন্যান্য সূচকগুলো বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে। অন্যদিকে বিআইডিএস ৫ টি সম্পূর্ণভাবে ও ১২ টি কর্মসম্পাদন সূচক আংশিক বাস্তবায়ন করেছে। অবশিষ্ট কর্মসম্পাদন চকসমূহ বাস্তবায়ন কাজ সময়াবদ্ধ হওয়ায় যথাসময়ে সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য:

৫.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণ বিষয়টি যথাসময়ে সম্পন্ন করার জন্য তথ্য প্রদানকারী কর্মকর্তাকে অবহিত করতে হবে;
- খ) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচক যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
- গ) উন্নয়ন প্রকল্প যথাসময়ের মধ্যে পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণের জন্য তাগিদ পত্র প্রদান করতে হবে;
- ঘ) আইসিটি সেল 'একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত' বিষয়টির টাইটেলসহ বাস্তবায়ন অগ্রগতি কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখাকে অবহিত করবে।

৬.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৯/১২/২০

(মোঃ দেলোয়ার হোসেন)

অতিরিক্ত সচিব (বাজেট)

ও

এপিএ টিম লিডার

নং-২০.০০.০০০০.৩২৮.৪২.০০১.২০-২২৭

তারিখঃ ২৪ অগ্রহায়ন, ১৪২৭ বঙ্গাব্দ  
০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এপিএ/পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।।
- ৩। যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। উপসচিব (এসএসআরসি/বাজেট/কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৬। পরিচালক (প্রঃ ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৮। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
- ৯। বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
৪. অফিস কপি।

(মোঃ রফিকুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯১৮০৭৯২

e-mail: [ro.pms@plandiv.gov.bd](mailto:ro.pms@plandiv.gov.bd)